**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ৩৫/২০১৮-১৯**

**ঢাকা, রোববার ১৯ আগস্ট ২০১৮, ৪ ভাদ্র ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জাতিসংঘের সাবেক মহাসচিব কফি আনানের জীবনাবসান : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

২। বঙ্গবন্ধু বিশ্বের নিপীড়িত, শোষিত ও অধিকারবঞ্চিত মানুষের অনুপ্রেরণা : স্পিকার

৩। আমরা উন্নত দেশের দ্বারপ্রান্তে : অর্থমন্ত্রী

৪। বঙ্গবন্ধুর খুনী রাশেদ চৌধুরীকে শীঘ্রই দেশে ফিরিয়ে আনা সম্ভব : আইনমন্ত্রী

৫। বাংলাদেশ-ভারত পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ে বৈঠক অনুষ্ঠিত

৬। দু-একদিনের মধ্যে নাব্য সংকট কেটে যাবে : মাদারীপুরের কাঁঠালবাড়ী ফেরিঘাটে নৌপরিবহণমন্ত্রী

৭। যথাসময়ে জাতীয় নির্বাচনে অংশ নিতে দেশবাসীকে প্রস্তুতি নেওয়ার আহ্বান তথ্যমন্ত্রী

৮। ফেসবুক ও টুইটারে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বঙ্গবন্ধুকন্যা শেখ রেহানা ও প্রধানমন্ত্রীর কন্যা পুতুলের আইডি নেই

৯। প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের নেতৃত্বে সড়ক পরিদর্শন

১০। ঈদে সারাদেশে র‌্যাবের নিরাপত্তা

১১। চামড়া নষ্ট না করতে সতর্কতার পরামর্শ বাণিজ্য মন্ত্রণালয়ের

১২। চামড়া ব্যবসায়ীদের ৬০১ কোটি টাকা ঋণ দিচ্ছে রাষ্ট্রীয় চার বাণিজ্যিক ব্যাংক

চলমান পাতা-২

**১। জাতিসংঘের সাবেক মহাসচিব কফি আনানের জীবনাবসান : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক**

জাতিসংঘের সাবেক মহাসচিব কফি আনান গতকাল (১৮ আগস্ট শনিবার) ৮০ বছর বয়সে মৃত্যুবরণ করেছেন। কফি আনান ফাউন্ডেশন ও তাঁর পরিবারের পক্ষ থেকে এক বার্তায় বলা হয়েছে, তিনি অল্প অসুস্থ ছিলেন। সুইজারল্যান্ডের বার্ন শহরের একটি হাসপাতালে তিনি মারা যান।

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাবেক জাতিসংঘ মহাসচিব ও শান্তিতে নোবেল বিজয়ী কফি আনানের মৃত্যুতে গভীর শোকপ্রকাশ করেছেন। রাষ্ট্রপতি গতকাল শোকবার্তায় বলেন, গণতন্ত্র ও মানবাধিকার প্রতিষ্ঠায় অসাধারণ অবদানের জন্য বিশ্ববাসী তাঁকে মনে রাখবে। প্রধানমন্ত্রী এক শোকবার্তায় কফি আনানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বিশ্বশান্তি প্রতিষ্ঠায় তাঁর অবদানের কথা স্মরণ করেন। প্রধানমন্ত্রী তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**২। বঙ্গবন্ধু বিশ্বের নিপীড়িত, শোষিত ও অধিকারবঞ্চিত মানুষের অনুপ্রেরণা : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বাঙালি জাতির অধিকার প্রতিষ্ঠায় ও দুঃখী মানুষের মুখে হাসি ফোটানোর জন্য হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আজীবন লড়াই সংগ্রাম করে গেছেন। তিনি অন্যায়ের কাছে কখনই মাথা নত করেননি। জেল-জুলুম এবং অত্যাচার সহ্য করে তিনি বাঙালির অধিকার প্রতিষ্ঠা করেছেন। বঙ্গবন্ধু বিশ্বের নিপীড়িত, শোষিত ও অধিকারবঞ্চিত মানুষের অনুপ্রেরণা। জাতীয় শোক দিবস উপলক্ষে গতকাল (১৮ আগস্ট শনিবার) জাতীয় সংসদ সচিবালয় আবাসিক কমপ্লেক্স চত্বরে 'সংসদ সচিবালয় আবাসিক কমপ্লেক্স ওয়েলফেয়ার এসোসিয়েশন' আয়োজিত আলোচনাসভা ও দোয়া অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সমকাল** (পৃ.৪,ক.১)।

**৩। আমরা উন্নত দেশের দ্বারপ্রান্তে : অর্থমন্ত্রী**

বাংলাদেশকে একটি সমৃদ্ধ দেশে রূপান্তরিত করার মাধ্যমেই বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গঠন করা সম্ভব বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালি জাতিকে একটি আত্মমর্যাদাশীল জাতি হিসেবে বিশ্বের বুকে পরিচিত করে গেছেন। তিনি স্বপ্ন দেখতেন শোষণমুক্ত, দারিদ্র্যমুক্ত সমৃদ্ধ একটি দেশের। আজ আমরা উন্নত দেশের দ্বারপ্রান্তে। গতকাল (১৮ আগস্ট শনিবার) রাজধানীর আগারগাঁওয়ে জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) আয়োজিত আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৬)।

**৪। বঙ্গবন্ধুর খুনি রাশেদ চৌধুরীকে শীঘ্রই দেশে ফিরিয়ে আনা সম্ভব : আইনমন্ত্রী**

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে বর্তমানে বাংলাদেশের অত্যন্ত বন্ধুত্বসুলভ সম্পর্ক রয়েছে। আমাদের এ সম্পর্কের ওপর আস্থা রেখে বলতে পারি, যুক্তরাষ্ট্রে পালিয়ে থাকা বঙ্গবন্ধুর খুনি রাশেদ চৌধুরীকে শীঘ্রই ফিরিয়ে আনা সম্ভব হবে। গতকাল (১৮ আগস্ট শনিবার) সন্ধ্যায় ঢাকায় বাংলাদেশ জাতীয় জাদুঘর মিলনায়তনে 'বঙ্গবন্ধু ও বাংলাদেশের সংবিধান' শীর্ষক এক সেমিনারে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৭)।

**৫। বাংলাদেশ-ভারত পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ে বৈঠক অনুষ্ঠিত**

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এএইচ মাহমুদ আলী এবং ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজের মধ্যে গত ১৭ আগস্ট শুক্রবার এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। ভারতের প্রয়াত প্রধানমন্ত্রী অটল বিহারি বাজপেয়ির শেষকৃত্য অনুষ্ঠানশেষে উভয়দেশের পররাষ্ট্রমন্ত্রী বৈঠকে মিলিত হন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে শোকবার্তা পাঠানো এবং বাংলাদেশের পক্ষ থেকে অটল বিহারি বাজপেয়ির শেষকৃত্য অনুষ্ঠানে অংশগ্রহণ করায় পররাষ্ট্রমন্ত্রী মাহমুদ আলীকে ধন্যবাদ জানান সুষমা স্বরাজ। এ সময় উভয়েই অটল বিহারি বাজপেয়ির স্মৃতি রোমন্থন করেন। দু'দেশের নেতাদের মধ্যে নিয়মিত যোগাযোগের বিষয়েও সন্তুষ্টি প্রকাশ করেন তাঁরা। বাজপেয়ির শেষকৃত্যস্থলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে শোকবার্তা ভারতের প্রধানমন্ত্রীর কাছে পৌঁছে দেন পররাষ্ট্রমন্ত্রী মাহমুদ আলী। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **নিউ এজ** (পৃ.৪,ক.৭)।

### ৬। দু-একদিনের মধ্যে নাব্য সংকট কেটে যাবে : মাদারীপুরের কাঁঠালবাড়ী ফেরিঘাটে নৌপরিবহণমন্ত্রী

নৌপরিবহণমন্ত্রী শাজাহান খান বলেছেন, প্রতিবছর আগস্টের মাঝামাঝিতে পদ্মায় নাব্য সংকট দেখা দেয়। তীব্র স্রোতে নদীর চর ভাঙে। এই চর ভেঙে পলি এসে চ্যানেলগুলো বন্ধ করে দেয়। নদীতে ৮টি ড্রেজার থাকলেও তীব্র স্রোতের কারণে কাজ করতে সমস্যা হচ্ছে। নতুন একটি ২৬ ইঞ্চি ড্রেজার এখানে যোগ হয়েছে। আশা করি দু-একদিনের মধ্যে নৌরুটের এ সমস্যা থাকবে না। গতকাল (১৮ আগস্ট শনিবার) মাদারীপুরের শিবচর উপজেলার কাঁঠালবাড়ী ২ নম্বর ফেরিঘাটে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮)।

### ৭। যথাসময়ে জাতীয় নির্বাচনে অংশ নিতে দেশবাসীকে প্রস্তুতি নেওয়ার আহ্বান তথ্যমন্ত্রীর

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, এক মাসের মধ্যে সরকার পতনের ডাক দেওয়া নেতারা বঙ্গবন্ধুর খুনিদের উত্তরাধিকারী। তারা এখনও চক্রান্ত ও ষড়যন্ত্রের পথে আছে। সুতরাং তাদের সম্পর্কে সজাগ থাকতে হবে। যথাসময়ে জাতীয় নির্বাচনে অংশ নিতে দেশবাসীকে প্রস্তুতি নেয়ার আহ্বানও জানান তিনি। গতকাল (১৮ আগস্ট শনিবার) কুষ্টিয়ার মিরপুর উপজেলা মিলনায়তনে প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সঙ্গে মতবিনিময় সভায় যোগ দেওয়ার আগে গণমাধ্যমে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৩)।

### ৮। ফেসবুক ও টুইটারে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বঙ্গবন্ধুকন্যা শেখ রেহানা ও প্রধানমন্ত্রীর কন্যা পুতুলের আইডি নেই

সামাজিক যোগাযোগমাধ্যমে বিশেষ করে ফেসবুক এবং টুইটারে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বঙ্গবন্ধুকন্যা শেখ রেহানা, প্রধানমন্ত্রীর কন্যা সায়মা হোসেন ওয়াজেদ পুতুলের কোনো অফিসিয়াল বা ব্যক্তিগত আইডি নেই। গতকাল (১৮ আগস্ট শনিবার) আওয়ামী লীগের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

### ৯। প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের নেতৃত্বে সড়ক পরিদর্শন

প্রধানমন্ত্রীর নির্দেশে রাজধানীর গণপরিবহণ ও ট্রাফিকব্যবস্থাপনার উন্নয়ন ও শৃঙ্খলা ফেরাতে এবং ত্রুটি খুঁজতে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মো. নজিবুর রহমানের নেতৃত্বে উচ্চপর্যায়ের একটি পরিদর্শকদল রাজপথে নেমেছে। গতকাল (১৮ আগস্ট শনিবার) দলটি রাজধানীর বিমানবন্দর সড়ক থেকে গুলিস্তানে দক্ষিণ সিটি করপোরেশন নগর ভবন পর্যন্ত বিভিন্ন সড়ক পরিদর্শন করে। এ ছাড়া দলের সদস্যরা গাবতলী বাস টার্মিনাল, গাবতলী আন্ডারপাস, মহাখালী বাস টার্মিনাল, কারওয়ান বাজার, কারওয়ান বাজার আন্ডারপাস ও এসব এলাকার সব ফুটওভারব্রিজ পরিদর্শন করেন। এসব সড়কে ট্রাফিকব্যবস্থার বিভিন্ন ত্রুটি খুঁজে তা চিহ্নিত করেন তাঁরা। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.২,ক.২)।

### ১০। ঈদে সারাদেশে র‌্যাবের নিরাপত্তা

র‌্যাবের মহাপরিচালক বেনজীর আহমেদ বলেন, আসন্ন ঈদুল আজহায় দেশজুড়ে দুই সপ্তাহের নিরাপত্তা পরিকল্পনা বাস্তবায়ন করছে র‌্যাব। দেশজুড়ে এ বাহিনীর ২৪৫টি টিম কাজ করবে এবং ৫৬টি স্ট্রাইকিং রিজার্ভ ফোর্স নিয়োজিত থাকবে। ঢাকার প্রবেশপথ ও আশপাশে ২০টি ক্যাম্প স্থাপন করবে র‌্যাব। ঈদ উপলক্ষে মসজিদ, ঈদগাহ, মহাসড়ক, টার্মিনাল ও পশুরহাটে নিশ্ছিদ্র নিরাপত্তাপরিকল্পনা নিয়েছে র‌্যাব। ঈদযাত্রা নির্বিঘ্ন করতে র‌্যাবের সেন্ট্রাল ফেসবুক পেজে দেশব্যাপী সব পথের নিয়মিত আপডেট দেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সমকাল** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.৪,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৬)।

### ১১। চামড়া নষ্ট না করতে সতর্কতার পরামর্শ বাণিজ্য মন্ত্রণালয়ের

কোরবানির পশুর চামড়া যাতে নষ্ট না হয় সেজন্য নিয়ম অনুযায়ী চামড়া ছাড়ানোর বিষয়ে সতর্ক থাকার আহ্বান জানিয়েছে বাণিজ্য মন্ত্রণালয়। সম্প্রতি দেশের সব মোবাইল অপারেটরের মাধ্যমে এসএমএস দিয়ে এ পরামর্শ দেওয়া হয়। বাণিজ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, অসতর্কতা বা অদক্ষতার কারণে কোরবানির সময় ৩৩০ কোটি টাকার চামড়া নষ্ট হয়। মানসম্পন্ন ছুরি ব্যবহার করে নিয়ম অনুযায়ী পশুর চামড়া ছাড়ানো হলে এ ক্ষতি কমিয়ে আনা সম্ভব বলে মনে করে মন্ত্রণালয়। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৪)।

**১২। চামড়া ব্যবসায়ীদের ৬০১ কোটি টাকা ঋণ দিচ্ছে রাষ্ট্রীয় চার বাণিজ্যিক ব্যাংক**

আসন্ন ঈদুল আজহায় কোরবানির পশুর চামড়া কিনতে ৬০১ কোটি টাকার স্বল্পমেয়াদি ঋণ দিচ্ছে রাষ্ট্রীয় চার বাণিজ্যিক ব্যাংক। ৪২টি প্রতিষ্ঠানকে এ ঋণ দেওয়া হচ্ছে। গত বছর ৪০টি প্রতিষ্ঠানকে দেওয়া হয় ৫২৬ কোটি টাকা। এ ছাড়া বেসরকারি খাতের কয়েকটি ব্যাংক এ খাতে স্বল্প পরিসরে আগের মতোই ঋণ দিচ্ছে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **যায়যায়দিন :** নিত্যপণ্যের মূল্য বৃদ্ধিতে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে নজরদারির সুপারিশ।

খ. **সংবাদ :** সড়ক দুর্ঘটনারোধে ও সড়কে নিরাপত্তা নিশ্চিত করতে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে সংশ্লিষ্ট বিভিন্ন কর্তৃপক্ষকে যে বিশেষ নির্দেশনা দেওয়া হয়েছে তা বাস্তবায়ন করার ওপর গুরুত্বারোপ।

গ. **যুগান্তর :** ঈদযাত্রায় সড়কপথে তীব্র যানজটে সাধারণ মানুষের দুর্ভোগের অন্ত নেই উল্লেখ করে ঈদযাত্রার দুর্ভোগ লাঘব, সড়ক নিরাপদ করাসহ দীর্ঘমেয়াদি ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

ঘ. **ভোরের কাগজ :** হাজারীবাগে কাঁচা চামড়া প্রবেশ বন্ধ হওয়ায় এবং সাভার ট্যানারি শিল্প এখনো যথাযথভাবে প্রস্তুত না হওয়ায় ব্যবসায়ীদের মধ্যে আসন্ন ঈদুল আজহায় চামড়া পাচারের আশঙ্কা বিরাজ করছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **বাংলাদেশ টুডে :** বিশ্বব্যাপী পাটপণ্যকে সমাদৃত করতে পাটখাতের উন্নয়নে নজর দেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** দেশে ১৮ বছরের নিচে লক্ষাধিক শিশু গৃহকর্মে নিয়োজিত উল্লেখ করে শিশুশ্রম বন্ধে সবাইকে সোচ্চার হওয়ার আহ্বান।

**উপসম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মানবিক বাংলাদেশ গড়তে প্রযুক্তির সঙ্গে সাংস্কৃতিক সম্পর্কের সমন্বয় করে ডিজিটাল বাংলাদেশের সুফল সকল মানুষের কাছে পৌঁছে দিতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'কোরবানির ঈদে শহর-গ্রামে চাঙ্গা অর্থনীতি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ঈদকে ঘিরে অর্থনৈতিক কর্মকাণ্ডের বিস্তৃতি ঘটায় শহর ও বন্দর, দেশের প্রত্যন্ত গ্রাম অবধি অর্থনীতির গতি সঞ্চার এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৮/৯.০০ঘন্টা